

রাবিতে ৩১ গবেষককে পিএইচডি ও এমফিল ডিগ্রি প্রদান

রাবি প্রতিনিধি

২৩ অক্টোবর ২০২৩, ০১:১১ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ২২ জন গবেষককে পিএইচডি ও নয়জন গবেষককে এমফিল ডিগ্রি দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিষদের ২৬১তম সভার সুপারিশের পর গতকাল রবিবার সন্ধ্যায় অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ৫২৫তম সভার এক সিদ্ধান্তে এই সকল ডিগ্রি অনুমোদন করা হয়। সিন্ডিকেটের এই সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক গোলাম সাব্বির সান্তার।

পিএইচডি ডিগ্রিপ্ৰাপ্ত গবেষকরা হলেন, মোস্তাফিজুর রহমান (উদ্ভিদবিজ্ঞান), তামান্না নাসরিন (প্রাণিবিদ্যা), ফারুকুর রহমান ফয়সল (গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ), জেসমিন আরা (ফিশারিজ বিভাগ), এসএম ফরিদুল ইসলাম ও নজরুল ইসলাম (হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগ), হাবিবুর রহমান, ফারজানা নাসরিন, মাইন উদ্দীন আহমেদ, সঞ্জয় বল, আব্দুর কুদ্দুস, জিয়াউর রহমান (ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ), আশরাফুল আলম

ও সাজ্জাদ হোসেন (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), শমরিতা আলম (অর্থনীতি বিভাগ), নূর-এ-আলম সিদ্দিকী (এগ্রোনমি অ্যান্ড এগ্রিকালচারাল এক্সটেনসন), আব্দুল মালেক (গণিত বিভাগ), নিশাত ফাতেমা (পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট), মৌসুমী আখতার (ক্রপ সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগ), কাজী শুসমিন আফসানা (নাট্যকলা বিভাগ), আহমাদুল্লাহ (ইসলামিক স্টাডিজ বিভাগ) ও সাদ্দাম হুসাইন (বাংলা বিভাগ)।

এমফিল ডিগ্রিপ্রাপ্ত গবেষকগণ হলেন মো. ফজলুল কবীর ভূঁইয়া (ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস), ফারজানা খানম ক্যামেলিয়া (রসায়ন বিভাগ), ফারহানা আলম, মো. জহুরুল ইসলাম সরকার, গাজী মাহমুদ হাসান (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), মো. মামুনুর রশীদ সরকার (উদ্ভিদবিজ্ঞান বিভাগ), সোহেল রানা (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ), মো. আল আমিন মোল্লা (ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ), মো. মনিরুল ইসলাম (পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট)।

সকল ডিগ্রিপ্রাপ্ত গবেষকদের অভিনন্দন জানিয়ে তারা তাদের মেধা ও অভিজ্ঞতা দিয়ে দেশ ও জাতিকে সমৃদ্ধ করবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন রাবি উপাচার্য অধ্যাপক গোলাম সাক্বির সান্তার।